**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় মৎস্য, প্রাণী সম্পদ মন্ত্রী রাজীব রঞ্জন সিং বলেছেন, ত্রিপুরার জৈব পদ্ধতিতে মৎস্য চাষের জন্য একটি অর্গানিক ক্লাস্টারের অনুমোদন দেবে কেন্দ্র |**

**(২) উন্নয়ন ও কল্যানকর কাজে সরকারের চিন্তা ভাবনার সঠিক মাধ্যমে হচ্ছেন সিভিল সার্ভিস আধিকারিকরা- বলেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা |**

**(৩) কেন্দ্রীয় সমবায়মন্ত্রী অমিত শাহ বলেছেন, কেন্দ্রীয় সরকার প্যাক্সগুলির পুনরুজ্জীবনের মাধ্যমে সমবায় পরিকাঠামো উন্নয়নে দায়বদ্ধ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় জম্পুইজলা প্লে সেন্টার জয়ী |**

*****************************************************

## Integrated Aqua Park and Fish festival:

মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য কেন্দ্রীয় প্রকল্প Integrated Aqua Park এর শিলান্যাস হল আগরতলায়। কৈলাসহরের চন্ডীপুরে ৪২ কোটি ৪0 লক্ষ টাকা খরচে এই ইন্টিগ্রেটেট একোয়া পার্ক গড়ে তোলা হবে। আজ সকালে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানে বৈদ্যুতিন বোতাম টিপে কেন্দ্রীয় মৎস্য, প্রাণী সম্পদ, ডেয়ারী ও পঞ্চায়েতরাজ মন্ত্রী রাজীব রঞ্জন সিং কৈলাসহরে প্রস্তাবিত ইন্টিগ্রেটেড এক্যোয়া পার্কের শিলান্যাস ফলকের আবরন উন্মোচন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং বলেন, দূরদর্শী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশিত পথে দেশে মৎস্য উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে মোট ১১ টি স্থানে  ইন্টিগ্রেটেড একোয়া পার্ক গড়ে তোলা হচ্ছে। এর মধ্যে ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলে রয়েছে চারটি।  মন্ত্রী রাজীব রঞ্জন সিং বলেন, সিকিমের পর ত্রিপুরায় জৈব চাষ পদ্ধতিতে মাছ চাষের ব্যবস্থা করা হবে। এর জন্য একটি অর্গানিক ক্লাস্টারের অনুমোদন দেবে কেন্দ্র। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ত্রিপুরায় বর্তমানে মাছের চাহিদা রয়েছে ১ লাখ ৫০ হাজার মেট্রিক টন। কিন্তু ঘাটতি প্রচুর। রাজ্য সরকারকে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা, ন্যাশানাল ফিশ ইনফ্রাষ্ট্রাকচার ডেভলপমেন্ট ফান্ড, হায়দরাবাদের  ন্যাশানাল ফিশারি ডেভেলপমেন্ট বোর্ড প্রভৃতির সাহায্য নেওয়ার পরামর্শ দেন।

########Rajib Ranjan Byte#########

অনুষ্ঠানে কেন্দ্রীয় মৎস্য, প্রাণী সম্পদ ও ডেয়ারী রাষ্ট্রমন্ত্রী জর্জ ক্যুরিয়ান বলেন, প্রধানমন্ত্রীর স্বপ্ন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে মৎস্য চাষ এক গুরুত্বপূর্ণ ক্ষেত্র।  এর আগে ভাষন দিতে গিয়ে রাজ্যের মৎস্য,  প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, রাজ্যে ব্যক্তিগত জলাশয়গুলোকেও বানিজ্যিকভাবে মাছ চাষের কাজে লাগানোর উপর গুরুত্ব দেন। সমাজ কল্যান ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায়ও বক্তব্য রাখেন অনুষ্ঠানে।  স্বাগত ভাষণে কেন্দ্রীয় মৎস্য মন্ত্রকের যুগ্ম সচিব সাগর মেহেরা বলেন, কৈলাসহরে ইন্টিগ্রেটেড এক্যোয়া পার্কে মৎস্য চাষ ছাড়াও মাছ চাষিদের প্রশিক্ষণ, জল ও মাটি পরীক্ষার ব্যবস্থা, গবেষনা, পর্যটন প্রভৃতির ব্যবস্থা থাকবে।  অনুষ্ঠানে মৎস্য ক্ষেত্রে বিভিন্ন উল্লেখযোগ্য অগ্রগতি করায় বেশ কয়েকজন মৎস্য চাষী, মৎস্য ব্যবসায়ী, উদ্যোক্তাকে কিশান ক্রেডিট কার্ড, ষ্টার্টআপ সহায়তা রাশি, গত বন্যায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা প্রভৃতির চেক প্রদান করা হয়।

এর আগে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আয়োজিত ফিশ ফেস্টিভ্যালের উদ্বোধন করেন কেন্দ্রীয় মৎস্য, প্রাণী সম্পদ, ডেয়ারী ও পঞ্চায়েতরাজ মন্ত্রী রাজীব রঞ্জন সিং।

এদিকে, শিলান্যাস উপলক্ষ্যে কৈলাশহরের সতেরো মিঞার হাওরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এখানে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। এখানে ৫৬ জন জমির মালিকদের লিজ-এর অর্থরাশির মঞ্জুরীপত্র আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হয়। উল্লেখ্য যে, সর্বমোট ৯৯ একর ভূমিতে এই সমন্বিত একোয়া পার্ক গড়ে উঠবে।

****************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নয়ন ও কল্যাণকর কাজে সরকারের চিন্তাভাবনা সঠিক বাস্তবায়নের মাধ্যম হচ্ছেন সিভিল সার্ভিস আধিকারিকরা। আজ আগরতলার কুঞ্জবনস্থিত সিভিল সার্ভিস অফিসার ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর ও রক্তদান শিবিরের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী ।তিনি আরও বলেন, সিভিল সার্ভিস আধিকারিকদের উপর ভিত্তি করে আমরা সাধারণ মানুষের কাছে যাচ্ছি। এটা যত সুদৃঢ় হবে ততই আগামী দিনে মানুষের কাছে জবাব দিতে আমাদের সুবিধা হবে। আগামী দিনেও এই ধারা বজায় রেখে মানুষের মৌলিক সমস্যা সমাধানের কাজটাকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, প্যারামিটারের হিসাবে দেশে বহু বড় রাজ্য থেকে ত্রিপুরা কোন অংশেই কম নয়।

#########CM Byte#########

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুখ্য সচিব জে কে সিনহা, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে প্রমুখ| ছয়তলা বিশিষ্ঠ এই সিভিল সার্ভিস ইনস্টিটিউ নির্মানে ব্যয় হবে ৩১ কোটি ১৫ লক্ষ টাকা। এতে থাকছে সামাজিক সাংস্কৃতিক আলোচনা সভাগৃহ, থাকবে একাডেমিক বিভিন্ন বিষয় সংক্রান্ত প্রশিক্ষণ সুবিধা, বিনোদনের ব্যবস্থা, জিম সহ ইত্যাদি সুযোগ-সুবিধা| দু বছরের মধ্যে এই কাজ শেষ করার

পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য সচিব। এদিকে, রক্তদান শিবিরে মোট ৭ জন রক্তদান করেন।

*****************************

**Tiranga Yatra:**

অপারেশন সিঁদুর সফলতার জন্য ভারতের সেনাবাহিনীকে অভিনন্দন জানিয়ে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথের নেতৃত্বে আজ মোহনপুরে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। জাতীয় পতাকা নিয়ে মোহনপুর বিধানসভার বিভিন্ন পঞ্চায়েত থেকেনাগরিকরা তিরঙ্গা যাত্রায় অংশ নেন। বিদ্যুৎমন্ত্রী জানান, পেহেলগাও-এ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে হত্যালীলার যোগ্য জবাব দেওয়া হয়েছে।

আজ মজলিশপুর বিধানসভার অন্তর্গত রানীরবাজার এলাকায় তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী সহ অন্যান্য দলীয় কার্যকর্তারা। অন্যদিকে, বনমালীপুর মন্ডলে আয়োজিত তিরঙ্গা যাত্রায় উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচাৰ্য্য।

বামুটিয়া বিধানসভার গান্ধীগ্রামে তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয় বৈদ্যনাথ মজুমদার অডিটরিয়াম প্রাঙ্গন থেকে। উপস্থিত ছিলেন বিজেপি’র বামুটিয়া মন্ডল সভাপতি শিবেন্দ্র দাস, প্রাক্তন মন্ত্রী প্রকাশ দাস প্রমুখ।

এদিকে, ঊনকোটি জেলার কুমারঘাটে আজ বিকালে তিরাঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়। ভারতীয় সেনাবাহিনীর পরাক্রমকে সন্মান জানিয়ে ও দেশের সার্বভৌমত্ব রক্ষায় অপরিসীম অবদান'কে শ্রদ্ধায় স্মরণে রেখে এই কর্মসূচির আয়োজন করা হয়। স্থানীয় পাবিয়াছড়া স্কুল মাঠ থেকে এই কর্মসূচিটি শুরু হয়ে কুমারঘাটের বিভিন্ন পথ পরিক্রমা করে। কর্মসূচিতে উপস্থিত ছিলেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর প্রমুখ।

*****************************

**Restriction on Bangladeshi Goods:**

ত্রিপুরা, আসাম, মেঘালয় ও মিজোরামের স্থলবন্দর দিয়ে বাংলাদেশের কিছু পণ্য সামগ্রী আমদানির ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করা হয়েছে| এছাড়া, পশ্চিমবঙ্গের চ্যাংড়াবান্ধা ও ফুলবাড়ি স্থলবন্দর দিয়েও আমদানির উপর বিধিনিষেধ আরোপ করেছে ভারত সরকারের শিল্প ও বানিজ্য মন্ত্রক| এই নিষেধাজ্ঞা অনুযায়ী তৈরী পোশাক, ফল, ফলের রস, প্রক্রিয়াজাত খাদ্যদ্রব্য, সুতো জাতীয় জিনিসপত্র, প্লাস্টিক এবং প্লাস্টিকের তৈরি জিনিসপত্র, এবং কাঠের আসবাবপত্র আমদানি করা যাবেনা।নাহবা সেবা এবং কলকাতা সমুদ্র বন্দর দিয়ে এইসব পণ্য আমদানি করা যাবে। তবে বাংলাদেশ থেকে মাছ, এলপিজি, ভোজ্য তেল এবং পাথরের চিপস আমদানি করা যাবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

****************************

**Sailesh Kumar Jadab:**

রাজধানীর কুমারীটিলা থেকে রামঠাকুর সংঘ পর্যন্ত নির্মীয়মান ড্রেনের কাজ আজ ঘুরে দেখেন আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের প্রধান নির্বাহী আধিকারিক শৈলেশ কুমার যাদব। তিনি বলেন, আগরতলা শহরের দুর্গা চৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী, লাল বাহাদুর ক্লাব এলাকা, হরিগঙ্গা বসাক রোড সহ বিভিন্ন জায়গায় ড্রেন নির্মাণ করে ঢাকার কাজ চলছে। তিনি বলেন, বৈদ্যুতিক তার মাটির নিচে দিয়ে নেওয়ার ব্যবস্থাও করা হবে। এরফলে রাস্তা অনেকটাই প্রশস্ত হবে। রাস্তার মধ্যে বসানো হবে ডিভাইডার। পরিদর্শনকালে তার সাথে ছিলেন কর্পোরেটর লতা নাথ ও হীরালাল দেবনাথ সহ নিগমের আধিকারিকরা।

****************************

**Zila Sabhadhipati visits:**

দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত আজ বিলোনিয়ার বল্লামুখা ও উত্তর বিলোনিয়ার সীমান্ত এলাকা পরিদর্শন করেন। গতকাল রাতে ২ ঘন্টার বৃষ্টিতে এলাকায় শতাধিককানি ধানের জমিতে জল জমে গেছে| এরফলে ফসল নষ্ট হওয়ার আশঙ্কা থাকা কৃষকদের সঙ্গে তিনি কথা বলেন| প্রসঙ্গত, ওপারের বাংলাদেশের কালিকাপুর এলাকায় উঁচু বাঁধ তৈরি করে জল নিষ্কাশনে রাস্তা বন্ধ করে দেওয়ার কারনেই কৃষকদের জমিতে জল জমে যায়।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায়মন্ত্রী অমিত শাহ প্যাক্সগুলির আর্থিক পুনরুজ্জীনের লক্ষ্যে নতুন নীতি ঘোষণার পরিকল্পনার কথা বলেছেন। আমেদাবাদে গুজরাট রাজ্য সমবায় ইউনিয়নের এক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে শ্রী শাহ বলেন যে সরকার ২০২৯ সালের মধ্যে দেশের প্রতিটি পঞ্চায়েতে প্যাক্স স্থাপন নিয়ে

আশাবাদী। তিনি আরো বলেন যে কেন্দ্রীয় সরকার প্যাক্সগুলির পুনরুজ্জীবনের মাধ্যমে সমবায় পরিকাঠামো উন্নয়নে দায়বদ্ধ। দেশে সমবায়ে সঞ্চয়ের পরিমাণ ১১ হাজার কোটি টাকা বৃদ্ধি পেয়েছে বলেও তিনি জানান।

*****************************

## Congress- Sudhir Majumder:

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত সুধীর রঞ্জন মজুমদারের ৮৬ তম জন্মদিন আজ ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে পালন করা হয়। আগরতলা প্রদেশ কংগ্রেস ভবনে এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রয়াত সুধীর রঞ্জন মজুমদারের প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান কংগ্রেস নেতৃত্ব। অনুষ্ঠানে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা ও অন্যান্যরা উপস্থিত ছিলেন|

*****************************

## SFI:

ভারতের ছাত্র ফেডারেশনের অষ্টাদশ বিলোনিয়া মহকুমা সম্মেলন আজ বিলোনিয়ার করুণা রায় স্মৃতি ভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন বিধায়ক দীপংকর সেন। সংগঠনের রাজ্য সম্পাদক সন্দীপন দেব, বিধায়ক অশোক মিত্র, প্রাক্তন বিধায়ক সুধন দাস প্রমুখ সম্মেলনে উপস্থিত ছিলেন।

*****************************

## Death of Childe:

আগরতলার চাঁনমারি এলাকায় দুটি শিশুর মর্মান্তিক মৃত্যু হয়|পুলিশ সূত্রে জানা যায় গতকাল চানমারি এলাকার কৃষ্ণ দেবনাথ এর ১১ বছরের ছেলে প্রসেনজিৎ দেবনাথ এবং সাত বছরের কন্যা প্রিয়াঙ্কা দেবনাথ নিখোঁজ হয়। বহু খোঁজাখুঁজির পড়ও তাদের সন্ধান পাওয়া যায়নি। আজ সকালে বাড়ির পাশে একটি নির্মাণ

কাজের জন্য ব্যবহৃত ছোট গর্ত থেকে এদের মৃতদেহ উদ্ধার করে পুলিশ।এই মর্মান্তিক ঘটনায় এলাকায় গভীর শোকের ছায়া নেমে আসে।

*****************************

**Hyderabad Fire:**

হায়দ্রাবাদের চারমিনার এর কাছে একটি আবাসনে আগুন লাগার ঘটনায় ১৭ জন নিহত এবং আরও বেশ কয়েকজন আহত হয়েছে ন। নিহতদের মধ্যে ৮টি শিশু এবং ৫ জন মহিলা রয়েছেন। কেন্দ্রীয় কয়লাখনি মন্ত্রী জি কিষণ রেড্ডি ঘটনাস্থল পরিদর্শন করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী নিহতদের পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। প্রধানমন্ত্রী মৃতদের নিকট আত্মীয় দের দুই লক্ষ করে এবং আহতদের ৫0 হাজার টাকা করে অর্থ সাহায্য প্রদানের ঘোষণা করেছেন।

*****************************

**Yoga- Prize Distribution**:

আন্তর্জাতিক যোগা দিবসকে সামনে রেখে আগরতলার যুবশক্তি সামাজিক সংস্থার উদ্যোগে ছাত্রছাত্রীদের নিয়ে যোগা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল| এই প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে আজ আই এম এ হাউজে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার।

*****************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে।

উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ৬-0 গোলে পান্থুই স্পোর্টিং সোসাইটিকে পরাজিত করে।

*****************************

**Weather:**

আগামী ২৪ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪0 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে| এছাড়া উত্তর, ঊনকোটি, ধলাই, খোয়াই, পশ্চিম এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের ও সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************